



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির সাফলতা অর্জন



সম্প্রতি এটিএন বাংলার ডিবেট ফর ডেমোক্রেসির আয়োজনে ২০২৪-২৫ অর্থবছরের বাজেট নিয়ে ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় কুমিল্লা ভিক্টোরিয়া কলেজকে হারিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি চ্যাম্পিয়ন হয়। এই উপলক্ষে আজ (৭ জুলাই ২০২৪-রবিবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির মডারেটর ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. নিবেদিতা রায় উপস্থিত ছিলেন।

এছাড়াও চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) আয়োজিত ৮ম তারুণ্য উৎসব শিরোনামে আয়োজিত ইস্পাহানি-চুয়েটডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৪-এ জেএনইউডিএস মুক্তিযুদ্ধের প্রস্তুতি দল রানার আপ হয়েছে।

অন্যদিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আয়োজিত ১ম বিইউডিএস আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৪-এ জেএনইউডিএস একাত্তরের গণহত্যা দল রানার আপ হওয়ার গৌরব অর্জন করেন।